

## আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নম্বরঃ ২৮৯

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮) মসজিদে এবং কিবলার দিকে থুথু নিক্ষেপ ও মসজিদে হারানো বস্তু তালিশ করা ইত্যাদির প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من البصاق في المسجد وإلى القبلة ومن إنشاد الضالة فيه وغير ذلك مما يذكر  
هنا

আরবী

(حسن صحيح) وَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَ : أَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلًا يُصَلِّي بِالنَّاسِ الظُّهْرَ فَتَفَلَّ فِي الْقِبْلَةِ ، وَهُوَ يُصَلِّي ، فَلَمَّا كَانَتْ صَلَاةُ الْعَصْرِ أُرْسِلَ إِلَى آخِرٍ ، فَأَشْفَقَ الرَّجُلَ الْأَوَّلَ فَجَاءَ إِلَى رَسُولِ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - فَقَالَ : يَا رَسُولَ اللَّهِ ، أَنْزِلْ فِي شَيْءٍ؟ قَالَ : " لَا ، وَلَكِنَّكَ تَفَلْتَ بَيْنَ يَدَيْكَ وَأَنْتَ قَائِمٌ تَوْمِ النَّاسَ ، فَأَذَيْتَ اللَّهَ وَالْمَلَائِكَةَ

□

رواه الطبراني في الكبير بإسناد جيد

বাংলা

২৮৯. (হাসান সহীহ) আবদুল্লাহ বিন ওমার (রাঃ)[1] থেকে বর্ণিত। তিনি বলেনঃ জনৈক ব্যক্তিকে রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) যোহর সালাতে লোকদের ইমামতি করার আদেশ করলেন। সে লোকদের নিয়ে সালাত অবস্থায় কিবলার দিকে থুথু নিক্ষেপ করল। আসর ছালাতের সময় হলে আরেক এক ব্যক্তিকে (ইমামতির জন্য) পাঠালেন। এতে প্রথম ব্যক্তি ভীত হয়ে গেল। সে রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর নিকট এসে জিজ্ঞেস করলঃ হে আল্লাহর রাসূল! আমার ব্যাপারে কি কোন (ওহী) নাযিল হয়ে গেছে? তিনি বললেনঃ

”না, তবে তুমি মানুষের ইমামতিতে দাঁড়িয়ে তোমার সামনের দিকে থুথু নিক্ষেপ করেছ এবং তাতে আল্লাহ ও ফেরেশতাদেরকে কষ্ট দিয়েছ।”

(হাদীছটি বর্ণনা করেছেন ত্বাবরানী [কাবীর] গ্রন্থে উত্তম সনদে। মাযমাউল যাওয়ায়েদ ১০/২২৩)

## ফুটনোট

[1] . শায়খ আলবানী বলেন, হাদীছটি সম্ভবতঃ আব্দুল্লাহ বিন আমর (রাঃ) থেকে বর্ণিত। ইবনে ওমার থেকে নয়। কেননা দামেশকের যাহেরিয়া লাইব্রেরীতে সংরক্ষিত ত্বাবরানীর মু'জাম কাবীর গ্রন্থের 'মুসনাদ ইবনে আমরে' অনুসন্ধান করে তা পাওয়া যায়নি। অতঃপর 'মুসনাদ ইবনে আমরে' অনুসন্ধান করে তা পাওয়া গেছে। (আল হামদু লিল্লাহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88060>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন